গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
উল্লাপাড়া, সিরাজগঞ্জ
www.acl.ullapara.gov.bd

স্মারক নং- ৩১.৫০.৮৮৯৪.০০৫.০৩.০০১.২২- তারিখঃ /০৪/২০২২ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা উল্লাপাড়া উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন সমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ (সংশোধনীসহ) অনুযায়ী সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত সরকারী খাস বদ্ধ জলমহালসমূহ শর্তসাপেক্ষে বাংলা ১৪২৯ সনের ০১ বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষে এবং ভূমি মন্ত্রণালয়ের (সায়রাত-১ অধিশাখা) এর ১০/০৪/২০২২ খ্রিঃ তারিখের স্মারক নং ৩১.০০.০০০০.০৫০.৬৮০২০.০৯(অংশ-২)- ২১ মূলে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের সময় বৃদ্ধিকরণের নির্দেশনা মোতাবেক দরপত্র/আবেদনপত্র অনলাইনে আহবান করা যাচ্ছে।

প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠনের নিকট হতে কোন মৎস্যজীবি সমবায় সমিতি বা বিধি মোতাবেক সমাজ ভিত্তিক মৎস্যজীবি ব্যবস্থাপনা অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (ক) বেকার যুব, (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, (গ) যুব মহিলা, (ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা, (ঙ) আনসার, ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য ও (চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তিগনের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত (ছ) প্রতিবন্ধি ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতির নিকট থেকে ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ওয়েবসাইটে (w.w.w.land.govt.bd/w.w.w.jm.lams.govt.bd) অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি সাধারন আবেদন ফরমের সাথে ও জামানতের মুলকপি/সিডি/বিডি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ও উপজেলা ভূমি অফিস, উল্লাপাড়া, সিরাজগঞ্জ এ দাখিল করার জন্য বলা হলো।

প্রয়োজনীয় শর্তাবলীসহ আবেদনপত্র অফিস চলাকালিন সময়ে আবেদনপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত এ কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উল্লাপাড়া, সিরাজগঞ্জ হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) আবেদন ফরম সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জের অনুকূলে সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসাবে সংযুক্ত করে আবেদনপত্রসমূহ নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী এ কার্যালয়, এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উল্লাপাড়া, সিরাজগঞ্জে টেন্ডার বাক্সে গ্রহন করা হবে। আবেদনপত্রসমূহ দাখিলের পরের দিন অফিস চলাকালীন সময় ৩.৩০ মিনিটে আবেদনকারীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

ক্যালেন্ডার

| আবেদনপত্র বিক্রি শুরুর তারিখ | আবেদনপত্র বিক্রির শেষ তারিখ | ভূমি মন্ত্রণালয়ের নির্ধারিত ওয়েবসাইটে অনলাইনে আবেদন দাখিলের তারিখ | আবেদনপত্র/দরপত্র দাখিলের তারিখ ও সময় | |
|---|---|---|---|---|
| ১১ /০৪/২০২২ খ্রিঃ | ৩০/০৪/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত। | ১১/০৪/২০২২ খ্রিঃ হতে ৩০/০৪/২০২২ খ্রি. পর্যন্ত | ১১/০৪/২০২২ হতে ৩০/০৪/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত। | ধার্য তারিখের শেষ দিন বিকাল ৫.০০ টা পর্যন্ত। |

### শর্ত সমূহ ঃ

০১। নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ক্যালেন্ডার অনুযায়ী আবেদন দাখিলের নির্ধারিত তারিখ ও সময় পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সহকারী কমিশনার (ভূমি) উল্লাপাড়া, সিরাজগঞ্জ এর অফিস হতে অফেরৎযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা মুল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে আবেদন সংগ্রহ করা যাবে।

০২। ক্যালেন্ডার অনুযায়ী সংশ্লিষ্ট তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া এবং নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদনপত্র জমা দেয়া যাবে।

০৩। উপজেলা সমবায়/সমাজসেবা অফিসার কর্তৃক সমিতি কার্যকর রয়েছে মর্মে প্রত্যয়ন পত্র আবেদনের সাথে প্রদান করতে হবে। (নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নহে)।

০৪। সমিতির বিগত দুই বছরের অডিট রিপোর্ট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। (নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নহে)।

০৫। আবেদন ফরম সংগ্রহের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির রেজিষ্ট্রেশন/তালিকাভূক্তির মূল সনদপত্র আনতে হবে। অন্যথায় আবেদন ফরম প্রদান করা যাবে না।

০৬। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয়তা যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

০৭। কোন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যুবক, মুক্তিযোদ্ধা /মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা, আনছার ভি ডি পি ও গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তির সমন্বয়ে গঠিত ও স্থানীয় সমবায় অফিস কিংবা সমাজসেবা অফিস হতে নিবন্ধিত একক সমিতিকে জলমহাল/পুকুর তিন বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে।

০৮। আবেদন ফরমের সাথে ইজারা মূল্যের ২০% তপসীলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কমিটির আহবায়ক উপজেলা নির্বাহী অফিসার উল্লাপাড়ার অনুকূলে জামানত হিসেবে প্রদান করতে হবে।

০৯। সরকারী জলমহাল নীতিমালার আলোকে বাংলা ১৮২৯ সন হতে বাংলা ১৪৩১ সন পর্যন্ত (প্রতি বছর ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) জলাশয় ইজারা প্রদান করা হবে এবং ইজারা প্রতি বছর সরকারী রাজস্ব ও অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে নবায়নযোগ্য।

১০। ইজারা প্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতিকে প্রথম বৎসরের সাকুল্য ইজারা মূল্য সিদ্ধান্ত গ্রহনের ০৭ (সাত) দিনের মধ্যে সরকারের জলমহাল ও পুকুর ইজারা ০১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল করা হবে।

১১। ইজারা প্রাপ্ত সমবায় সমিতিকে ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমা প্রদান করতে হবে।

১২। আবেদনপত্রের মাধ্যমে ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করা যাবে না। যদি সাব লীজ দেয়া হয় তাহলে উক্ত জল মহালের ইজারা বাতিল করা হবে। জামানতসহ জমাকৃত ইজারামূল্য বাতিল করা হবে। এছারা ইজারা গ্রহীতা মৎস্যজীবী সমবায় সমিতি কোন জলমহালের নবায়ন মুল্য পরিশোধে ব্যর্থ হলে পরবর্তী ০৩(তিন) বছর কোন জলমহাল ইজারা সংক্রান্ত আবেদন করতে পারবে না।

১৩। তথ্য গোপন করে অথবা ভূল তথ্য প্রদান করে জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হলে জামানকের অর্থ সহ জমাকৃত ইজারা মুল্য সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে।

১৪। কোন প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হবে না।

১৫। খামের উপর জলাশয়ের নাম, মৎস্যজীবী/মৎস্যজীবী সমিতি বা সংগঠনের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের উপর ঘষাঘষি বা উপরিলিখন গ্রহন যোগ্য নয়।

১৬। মৎস্য চাষ বিষয়ে প্রশিক্ষনপ্রাপ্ত নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের ক্ষেত্রে প্রয়োজনীয় সত্যায়িত কাগজপত্রাদি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।

১৭। ইজারা গ্রহীতা জলাশয়ের অবস্থানের সীমানা পরিবর্তন বা জল মহাল সংলগ্ন পুকুরের পাড় কাটা এবং পাড়ে বৃক্ষাদি কাটাসহ কোন ক্ষতিকারক কাজ করতে পারে না। এরুপ কাজে লিপ্ত হলে জলমহাল ইজারা বাতিল করা হবে। এতে কারও কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৮। কারিগরি প্রযুক্তি মোতাবেক মৎস্য চাষের ব্যবস্থা করতে হবে।

১৯। প্রকৃত মৎস্য জীবী বা মৎস্যজীবী সংগঠন বলতে সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০১৩ (সংশোধিত ২০১২) কর্তৃক প্রদত্ত সংজ্ঞায় যা বলা হয়েছে, তা বুঝাবে। অর্থাৎ মৎস্যজীবী নির্ধারনে "জাল যার জলা তার" এই নীতির বাস্তবায়ন করা হবে।

২০। সর্বোচ্চ দরদাতার আবেদনপত্র গ্রহন/অনুমোদন করতে কর্তৃপক্ষ বাধ্য নহে। কোন কারন দর্শানো ব্যতিরেকেই কোন আবেদনপত্র এই ইজারা বিজ্ঞপ্তি গ্রহন বা বাতিল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
মোঃ উজ্জল হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

স্মারক নং- ৩১.৫০.৮৮৯৪.০০৫.০৩.০০১.২২- ৩২৬ তারিখ ঃ ১১ /০৪/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরন করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬৫- সিরাজগঞ্জ, উল্লাপাড়া-৪।
২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি/নোটিশ বোর্ডে টানানোসহ ব্যাপক প্রচারের জন্য প্রেরন করা হলো ঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
২-৩। অফিসার ইনচার্জ, উল্লাপাড়া/সলঙ্গা থানা, সিরাজগঞ্জ।
৪। সাব- রেজিস্ট্রার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫-১০। উপজেলা .................................. কর্মকর্তা, উল্লাপাড়া।
১১-২৫। চেয়ারম্যান..............................(সকল) ইউঃপি, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
২৫-৩০। জনাব .................................................................... উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৩১-৪৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.............................. ইউনিয়ন ভূমি অফিস উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৪৪। সম্পাদক.......................................... পত্রিকা। তার পত্রিকায় বিজ্ঞপ্তিটি শুধুমাত্র ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো।

Shahay 11/04/2022

সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
সহকারী কমিশনার (ভূমি)
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

# জলমহালের তালিকা

(মেয়াদ ১৪২৯-৩১ পর্যন্ত) বর্ধিত সময়ের জন্য

উপজেলা- উল্লাপাড়া, জেলা- সিরাজগঞ্জ

| ক্রঃ নং | পুকুরের স্থানীয় নাম | মৌজার নাম | খঃ নংঃ (আরএস) | দাগ নং | পরিমান | শ্রেণী | সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গাড়েশ্বর পুকুর | গাড়েশ্বর | ১ | ২৫৯৯ | ১.২৫ | পুকুর | ১,২৯,৬৯০ | |
| ২ | গজাইল পুকুর | গজাইল | ১ | ১৬৩৭ | ০.৩০ | পুকুর | ২৫৩৬ | |
| ৩ | গজাইল পুকুর | গজাইল | ১ | ১৬১৭ | ০.৪৪ | পুকুর | ৩৯০৬ | |
| ৪ | উধুনিয়া পুকুর | উধুনিয়া | ১ | ৫০২ | ০.৪৭ | পুকুর | ৩৫,৯৬২ | |
| ৫ | আইন্দা পুকুর | উধুনিয়া | ১ | ১৭৬২ | ০.৫৬ | পুকুর | ৪৭,০৩৯ | |
| ৬ | সিমলাগাড়ী পুকুর | বেলাই | ১ | ৪৪ | ০.৫৩ | পুকুর | ২৮,৪০০ | |
| ৭ | সিমলাগাড়ী পুকুর | বেলাই | ১ | ৯৩ | ০.৭৩ | পুকুর | ৩৯,১১৫ | |
| ৮ | আইন্দা পুকুর | বেলাই | ১ | ১৩৯ | ০.৮১ | পুকুর | ৪৩,৪০১ | |
| ৯ | নল পুকুর | বেলাই | ১ | ১৬৭ | ০.৬৯ | পুকুর | ৩৬,৯৭২ | |
| ১০ | বেলাই পুকুর | বেলাই | ১ | ৬৮ | ০.৩৩ | পুকুর | ১৭,৬৯০ | |
| ১১ | বেলাই পুকুর | বেলাই | ১ | ২৫৮ | ০.৩৫ | পুকুর | ১৮,৭৫৫ | |
| ১২ | আগদিঘলগ্রাম পুকুর | আগদিঘলগ্রাম | ১ | ৯৮০ | ১.১২ | পুকুর | ১,০৪,৪১৫ | |
| ১৩ | আগদিঘলগ্রাম পুকুর | আগদিঘলগ্রাম | ১ | ৭৩০ | ০.২৩ | পুকুর | ৮,০২৭ | |
| ১৪ | চাদা গাড়িয়া পুকুর | পংখারুয়া | ১ | ৬৬৭ | ০.৩২ | পুকুর | ৯,৯৩০ | |
| ১৫ | চন্ডালগাতী পুকুর | চন্ডালগাতী | ১ | ২৩৪ | ০.৯৬ | পুকুর | ৫৬,৭১৩ | |
| ১৬ | চরকাদহ পুকুর | প্রতাপ | ১ | ৩৭৯ | ১.১৩ | পুকুর | ৯০,৯৭০ | |
| ১৭ | মায়ের পুকুর | প্রতাপ | ১ | ৪৩৭ | ০.৫৩ | পুকুর | ৪০,৬১২ | |
| ১৮ | আওলাগাড়া পুকুর | প্রতাপ | ১ | ৮৪২ | ০.৫৪ | পুকুর | ৪১,৩৮০ | |
| ১৯ | প্রতাপ পুকুর | প্রতাপ | ১ | ২৪৫১ | ১.০৫ | পুকুর | ৮০,৪৬০ | |
| ২০ | বুধার পুকুর | প্রতাপ | ১ | ৭৮৯ | ০.৬৬ | পুকুর | ১১,২৯০ | |
| ২১ | বালুর পুকুর | ধরইল | ১ | ২১৫ | ১.৩৬ | পুকুর | ১,৬৫,৬০০ | |
| ২২ | বাইগার পুকুর | ধরইল | ১ | ৪৯১ | ০.৩৫ | পুকুর | ৮,৬০০ | |
| ২৩ | লোয়ারবাড়ী পুকুর | ঘোনা | ১ | ৩৬২ | ০.৯২ | পুকুর | ৩৮,৯০০ | |
| ২৪ | মজুদতলা পুকুর | চেংটিয়া | ১ | ১০২৮ | ০.৩৯ | পুকুর | ৪৭,৪৭০ | |
| ২৫ | আইন্দা পুকুর | কৈগাতী | ১ | ৩২৮ | ০.৭০ | পুকুর | ২৬,৩০০ | |
| ২৬ | ধলাগাড়ী পুকুর | দক্ষিণ গাইলজানি | ১ | ৫০ | ০.৩৮ | পুকুর | ৪৮৩০ | |
| ২৭ | কবরস্থান পুকুর | হাওড়া | ১ | ৪৫৬ | ২.৪৬ | পুকুর | ২,৯৭,৭০০ | |
| ২৮ | আলীগাপুকুর | আলীগা | ১ | ১২৬৬ | ১.১৯ | পুকুর | ১,৪৩,৩২৫ | |
| ২৯ | চক পাঙ্গাসী পুকুর | চক পাঙ্গাসী | ১ | ৭৬১ | ২.০৫ | পুকুর | ২,৪৮,০৭০ | |
| ৩০ | চকপাঙ্গাসী পুকুর | চকপাঙ্গাসী | ১ | ৭২৯ | ০.৬৪ | পুকুর | ৮,০৯৩ | |
| ৩১ | চকপাঙ্গাসী পুকুর | চকপাঙ্গাসী | ১ | ৫৮৫ | ০.৭৬ | পুকুর | ৯,৬১০ | |
| ৩২ | চকপাঙ্গাসী পুকুর | চকপাঙ্গাসী | ১ | ১৬৫ | ০.৪৬ | পুকুর | ৫,২৭৫ | |
| ৩৩ | চক খাদুলী পুকুর | চক খাদুলী | ১ | ৫৪৫ | ০.৬০ | পুকুর | ১১,০৮০ | |
| ৩৪ | বড়পুকুর | সৈয়দপুর | ১ | ৪০২ | ০.৪৯ | পুকুর | ১৮,৭২২ | |
| ৩৫ | সৈয়দপুর পুকুর | সৈয়দপুর | ১ | ১৫৪৬ | ০.৯২ | পুকুর | ৩৫,১৪৮ | |
| ৩৬ | পশ্চিম বামনগাঁও পুকুর | পশ্চিম বামনগাঁও | ১ | ৮১৫ | ০.৮৯ | পুকুর | ৩৮,৮৫০ | |
| ৩৭ | কানা পুকুর | বর্দ্ধনগাছা | ১ | ৩৮৫৯ | ০.৫৫ | পুকুর | ৬,৯৬২ | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩৮ | দক্ষিন বেতুয়া পুকুর | দক্ষিন বেতুয়া | ১ | ৪০০ | ০.৪৩ | পুকুর | ৪,৯৩১ | |
| ৩৯ | হাইতারাগাড়া পুকুর | শাহরিয়ারপুর | ১ | ১০৯<br>১১০ | ০.৫১<br>০.০৯ | পুকুর | ৬,৮৮০ | |
| ৪০ | হাইবোলাগাড়া পুকুর | শাহরিয়ারপুর | ১ | ১২৬৬ | ০.৪০ | পুকুর | ৫,১৪৫ | |
| ৪১ | ছোট পুকুর | শাহরিয়ারপুর | ১ | ১০৭৯ | ০.৭৬ | পুকুর | ১২,১৬০ | |
| ৪২ | রইচা পুকুর | শাহরিয়ারপুর | ১ | ১১৩৯ | ০.৫৩ | পুকুর | ৬,১০০ | |
| ৪৩ | চকি পুকুর | বনবাড়ীয়া | ১ | ১৪৩২ | ০.৭৩ | পুকুর | ১,০১,০৬১ | |
| ৪৪ | জোর পুকুর | বনবাড়ীয়া | ১ | ৯১৪ | ০.৮৫ | পুকুর | ৫৬,৯৮০ | |
| ৪৫ | আইন্দা পুকুর | উত্তরপুস্তিগাছা | ১ | ৪৯ | ১.৫৬ | পুকুর | ২,৬১,৬৪৭ | |
| ৪৬ | বেনুর পুকুর | সলংগা | ১ | ১৯০৯ | ০.৪৭ | পুকুর | ৩৫০২ | |
| ৪৭ | রইচা পুকুর | জগজীবনপুর | ১ | ১১৬৮ | ০.৮২ | পুকুর | ৯,৮৮০ | |
| ৪৭ | বালিয়াদিঘী | মাহমুদপুর | ১ | ৬৭৯ | ০.৯৩ | পুকুর | ৮৬,৫০০ | |
| ৪৮ | নন্দপুকুর | মাহমুদপুর | ১ | ৪০৮ | ০.৫৯ | পুকুর | ৭৭,৩০০ | |
| ৪৯ | গাড়া পুকুর | রৌহাদহ | ১ | ৬১৪ | ০.৭২ | পুকুর | ৭৪,৪৫০ | |
| ৫০ | গোরস্থানের পুকুর | পশ্চিম রামকৃষ্ণপুর | ১ | ২৮৪ | ০.৫৮ | পুকুর | ৫০,৩০০ | |
| ৫১ | শানবান্দা পুকুর | পশ্চিম রামকৃষ্ণপুর | ১ | ২৬৪ | ০.৬৮ | পুকুর | ৬,৬৫১ | |
| ৫২ | আফজালের বাড়ী পুকুর | পশ্চিমরামকৃষ্ণপুর | ১ | ২৭৮ | ০.৪৪ | পুকুর | ৪,৪৯০ | |
| ৫৩ | আলী বাড়ী আইন্দা পুকুর | পশ্চিম রামকৃষ্ণপুর | ১ | ৬৮০ | ০.৩৬ | পুকুর | ৩৮,২৪০ | |
| ৫৪ | ছওয়ালমারী পুকুর | পশ্চিম রামকৃষ্ণপুর | ১ | ৮৩৪ | ০.৬৪ | পুকুর | ৬৩,২০০ | |

27/04/2022